

📖 সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৩২৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৬৮৪, ৪৬৮৫]

৫২/ তাফসীর (كتاب تفسیر)

পরিচ্ছেদঃ ২৪১৪. আল্লাহ তা'আলার বাণীঃ এবং তাঁর 'আরশ ছিল পানির ওপরে

باب قوله وكان عرشه على الماء

আরবী

حَدَّثَنَا أَبُو الْيَمَانِ، أَخْبَرَنَا شُعَيْبٌ، حَدَّثَنَا أَبُو الزِّنَادِ، عَنِ الْأَعْرَجِ، عَنْ أَبِي هُرَيْرَةَ - رَضِيَ اللَّهُ عَنْهُ - أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " قَالَ اللَّهُ عَزَّ وَجَلَّ أَنْفَقَ عَلَيْكَ - وَقَالَ - يَدُ اللَّهِ مَلَأَى لَا تَغِيضُهَا نَفَقَةً، سَحَاءُ اللَّيْلِ وَالنَّهَارِ - وَقَالَ - أَرَأَيْتُمْ مَا أَنْفَقَ مِنْهُ خَلَقَ السَّمَاءَ وَالْأَرْضَ فَإِنَّهُ لَمْ يَغْضُ مَا فِي يَدِهِ، وَكَانَ عَرْشُهُ عَلَى الْمَاءِ، وَبِيَدِهِ الْمِيزَانُ يُخْفِضُ وَيَرْفَعُ ". (اعْتَرَاكَ) افْتَعَلْتَ مِنْ عَرْوَتِهِ أَيْ أَصْبَتُهُ، وَمِنْهُ يَعْرُوهُ وَاعْتَرَانِي (أَخَذَ بِنَاصِيَتِهَا) أَيْ فِي مَلِكِهِ وَسُلْطَانِهِ. عَنِيدٌ وَعَنُودٌ وَعَانِدٌ وَاحِدٌ، هُوَ تَأْكِيدُ التَّجَبُّرِ، (اسْتَعْمَرَكُمْ) جَعَلَكُمْ عُمَارًا، أَعْمَرْتُهُ الدَّارَ فَهِيَ عُمَرَى جَعَلْتُهَا لَهُ. (نَكَرَهُمْ) وَأَنكَرَهُمْ وَاسْتَنَكَرَهُمْ وَاحِدٌ (حَمِيدٌ مَجِيدٌ) كَأَنَّهُ فَعِيلٌ مِنْ مَاجِدٍ. مَحْمُودٌ مِنْ حَمْدٍ. سَجِيلٌ الشَّدِيدُ الْكَبِيرُ. سَجِيلٌ وَسَجِينٌ وَاللَّامُ وَالنُّونُ أُخْتَانِ، وَقَالَ تَمِيمٌ بْنُ مُقْبِلٍ

وَرَجُلَةٌ يَضْرِبُونَ الْبَيْضَ ضَاحِيَةً
ضَرْبًا تَوَاصَى بِهِ الْأَبْطَالُ سَجِينًا

বাংলা

৪৩২৭। আবুল ইয়ামান (রহঃ) ... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহ তা'আলা বলেন, তুমি খরচ কর। আমি তোমাকে দান করব এবং [রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] বললেন, আল্লাহ তা'আলার হাত পরিপূর্ণ। (তোমার) রাতদিন অবিরাম খরচেও তা কমবে না। তিনি বলেন, তোমরা দেখ না, যখন থেকে (আল্লাহ) আসমান ও যমীন সৃষ্টি করেছেন, তখন থেকে কি পরিমাণ খরচ করেছেন? কিন্তু এত খরচ করার পরও তাঁর হতে সম্পদের কোন কমতি হয়নি। আর আল্লাহ তা'আলার 'আরশ পানির উপর ছিল। তাঁর হাতেই রয়েছে পাল্লা। তিনি বুকান, তিনি উপরে উঠান।

اعْتَرَاكَ افْتَعَلْتَ-এর বাব থেকে। عَرَوْتُهُ এ অর্থে বলা হয়, তাকে পেয়েছি। তা থেকে يَعْرُوهُ (তার উপর ঘটেছে) ও اعْتَرَانِي (আমার উপর ঘটেছে) ব্যবহার হয়। اخْذُمْنَا صَبِيَّتَهَا অর্থাৎ তাঁর রাজত্ব এবং عَانِدٌ عَنْوَدٌ-এর একই অর্থ- স্বেচ্ছাচারী।

ওটি দাস্তিকতা অর্থের প্রতি জোর দেয়ার জন্য বলা হয়েছে। اسْتَعْمَرَكُمْ তোমাদের বসতি দান করলেন। আরবগণ বলত عُمَرَى عُمَرَى আমি এ ঘর তাকে জীবন ধারণের জন্য দিলাম। اسْتَنْكَرَهُمْ وَأَنْكَرَهُمْ এবং حَمِيدٌ حَمِيدٌ (মর্যাদা সম্পন্ন) থেকে مَجِيدٌ (প্রশংসিত) এর অর্থে مَحْمُودٌ থেকে سَجِيْلٌ অতি কঠিন বা শক্ত। سَجِيْلٌ এবং سَجِيْنٌ উভয় রূপেই ব্যবহৃত হয়। لَمْ এবং نُونٌ যেন দুই বোন। তামীম ইবনু মুকবেল বলেন, "বহু পদাতিক বাহিনী মধ্যাহ্নে স্কন্ধে শুভ্র ধারালো তলোয়ার দ্বারা আঘাত হানে। কঠিন প্রস্তর দ্বারা তার প্রতিশোধ নেয়ার জন্য বিপক্ষের বীর পুরুষগণ পরস্পরকে ওসীয়াত করে থাকে।

مَدِينِ اخَاهُمْ شَعِيْبَا-এর নিকট অর্থাৎ মাদইয়ানবাসীর নিকট, কেননা মাদইয়ান তো একটি শহর। এর অনুরূপ الْعِيْرَ وَالْقَرْيَةَ وَاسْأَلَ الْغَيْرَ অর্থাৎ গ্রামবাসীদের কাছে এবং কাফেলার লোকদের কাছে জিজ্ঞেস কর। وَرَأَيْكُمْ ظَهْرِيًّا অর্থাৎ তারা তার প্রতি দৃষ্টি দেয়নি। যখন কেউ কারও উদ্দেশ্য পূর্ণ না করে, তখন বলা হয় ظَهَرْتُ ظَهْرِيًّا এবং جَعَلْتَنِي ظَهْرِيًّا এখানে ظَهْرِيٌّ দ্বারা এ ধরনের জানোয়ার বা পাত্র বোঝায় যা কাজের প্রয়োজনে তুমি তার দ্বারা নিজেকে আড়াল করবে। أَرَأَيْتُمْ-আমাদের মধ্যে অধম, إِجْرَامِيْ এটা أَجْرَمْتُ-এর মাসদার। কেউ বলেন, جَرَمْتُ হতে উদ্গত الْفُلُكُ، وَالْفُلُكُ একবচন, বহুবচন উভয় ক্ষেত্রে ব্যবহৃত হয়। অর্থাৎ নৌকা এবং নৌকাগুলো। أَجْرَيْتُ (নৌকার গতি) এটা أَجْرَيْتُ-এর মাসদার এবং أَرْسَيْتُ-নৌকা আমি থামিয়েছি। কেউ কেউ পড়েন: مَرْسَاهَا অর্থাৎ তার স্থিতি এবং مَجْرَاهَا অর্থাৎ তার গতি। مَجْرِيْهَا এবং مَرْسِيْهَا অর্থাৎ যার সঙ্গে এরূপ (চালিত, স্থগিত) করা হয়েছে لِرَأْسِيَّاتٍ অর্থাৎ স্থিত।

English

Narrated Abu Huraira:

Allah's Messenger (ﷺ) said, "Allah said, 'Spend (O man), and I shall spend on you.'" He also said, "Allah's Hand is full, and (its fullness) is not affected by the continuous spending night and day." He also said, "Do you see what He has spent since He created the Heavens and the Earth? Nevertheless, what is in His Hand is not decreased, and His Throne was over the water; and in His Hand there is the balance (of justice) whereby He raises and lowers (people)."

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=4605>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন